# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## শ্রেণি : দশম

## বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয়

প্রথম বিশেষ অনুশীলন-২০২০

সিলেবাস ঃ

১। অধ্যায় প্রথম : পূর্ব বাংলার আন্দোলন ও জাতীয়তাবাদের উত্থান (১৯৪৭-১৯৭০)

২। অধ্যায় চতুর্থ : বাংলাদেশের ভূ-প্রকৃতি ও জলবায়ু

৩। অধ্যায় ষষ্ঠ : রাষ্ট্র, নাগরিকতা ও আইন

৪। অধ্যায় একাদশ : জাতীয় সম্পদ ও অর্থনৈতিক ব্যবস্থা

দ্বিতীয় বিশেষ অনুশীলন-২০২০

সিলেবাস ঃ

১। অধ্যায় দ্বিতীয় : স্বাধীন বাংলাদেশ

২। অধ্যায় তৃতীয় : সৌরজগৎ ও ভূ-মন্ডল

৩। অধ্যায় অষ্টম : বাংলাদেশের গণতন্ত্র ও নির্বাচন

৪। অধ্যায় চতুর্দশ : বাংলাদেশের পরিবার কাঠামো ও সামাজিকীকরণ

# বিশেষ অনুশীলন (১)-২০২০

শ্রেণিঃ দশম বিষয় কোড-১৫০

বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

সময় ঃ ৪৫ মিনিট পূর্ণমান ২০

[দ্রষ্টব্য ঃ ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।]

১। প্রেক্ষাপট-১ : ‘ক’ রাজনৈতিক দলের নেতৃত্বে আরো তিনটি দল একত্রিত হয়ে ‘খ’ দলটি গঠিত হয়। ‘খ’ দলটি নির্বাচনে অধিক সংখ্যক আসন পেয়ে সরকার গঠন করলেও অল্প দিনের মাথায় কেন্দ্র এই সরকারকে বাতিল করে।

প্রেক্ষাপট-২ : ‘ক’ ও ‘খ’ অঞ্চল নিয়ে গঠিত একটি রাষ্ট্রে কেন্দ্রীয় সরকার ‘ক’ অঞ্চলে কোন উন্নতি না করে ‘খ’ অঞ্চলে উন্নতি করে। ‘ক’ অঞ্চলের একজন মহান নেতা কেন্দ্রীয় সরকারের কাছে বেশকিছু দাবি তুলে ধরেন। দাবিগুলো না মেনে কেন্দ্রীয় সরকার এমন কিছু পদক্ষেপ গ্রহণ করে, যার ফলে ‘ক’ অঞ্চলটি স্বাধীনতার দিকে ধাবিত হয়।

ক) বাঙালি জাতীয়তাবাদ কী? ১

খ) তমদ্দুন মজলিস বলতে কী বোঝায়? ২

গ) ‘খ’ দলের গঠন প্রেক্ষাপট-১ এ প্রদর্শিত তথ্যের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রেক্ষাপট-২ এর মাধ্যমে যে বিষয়টি প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ কর। ৪

২। মেঘা দশম শ্রেণির শিক্ষার্থী। একদিন তাদের শ্রেণিকক্ষে শিক্ষক বাংলাদেশের ভূ-প্রকৃতি নিয়ে আলোচনা করতে গিয়ে প্রজেক্টরের মাধ্যমে টারশিয়ারি যুগের এমন ধরনের পাহাড় দেখালেন, যেখানে বাংলাদেশের সবচেয়ে বড় পাহাড়ও রয়েছে। অন্যদিকে সে বাসায় টেলিভিশনে ‘ক’ দুর্যোগের উপর একটি প্রতিবেদন দেখছিল। প্রতিবেদনে দেখাচ্ছিল, জাপানের একটি শহর হঠাৎ কেঁপে উঠায় শহরটির বেশ কিছু ঘর-বাড়ি ভেঙ্গে গিয়ে কয়েকটি এলাকায় বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন হয়ে গেছে।

ক) কালবৈশাখি ঝড় কাকে বলে? ১

খ) ভারতের জলবায়ু কেন মৌসুমী বায়ুপ্রবাহের উপর নির্ভরশীল? ২

গ) উদ্দীপকে যে পাহাড়ের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) ‘ক’ দুর্যোগটি মোকাবেলায় বাংলাদেশে যে ধরনের প্রস্তুতি গ্রহণ করা যেতে পারে- তা পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

# বিশেষ অনুশীলন (১)-২০২০

শ্রেণি ঃ দশম

বিষয় কোডঃ | 1 | 5 | 0 |

বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনি)

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমানঃ ৩০

[দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমুহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রত্যেকটি প্রশ্নের মান-১]

১। রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ কয় দফা দাবি উত্থাপন করে?
ক) ২০ খ) ১০
গ) ৮ ঘ) ৭

২। ১৯৭০ সালের সাধারণ পরিষদ নির্বাচনে পূর্ব পাকিস্তানের ভোটার সংখ্যা কত ছিল?
ক) ৭ কোটি ৫২ লাখ খ) ৫ কোটি ৬৪ লাখ
গ) ৪ কোটি ৩ লাখ ঘ) ৩ কোটি ২২ লাখ

৩। ভাষা আন্দোলনকে কেন্দ্র করে প্রথম কবিতা রচনা করেছিলেন কে?
ক) আলাউদ্দিন আল আজাদ খ) মাহবুব-উল-আলম চৌধুরী
গ) শামসুর রহমান ঘ) আবদুল গাফফার চৌধুরী

৪। আইয়ুব খানের প্রস্তাবিত শাসনতন্ত্রের বিরুদ্ধে ছাত্ররা আন্দোলন করে–
ক) ১৯৫৮ সালে খ) ১৯৫৯ সালে
গ) ১৯৬২ সালে ঘ) ১৯৬৫ সালে

৫। ১৯৫৪ সালের ২১ দফায় অন্তর্ভূক্ত ছিল-
i. বাংলাকে রাষ্ট্র ভাষা করা হবে
ii. বাংলাকে শিক্ষার মাধ্যম হিসেবে স্বীকৃতি দেওয়া হবে
iii. পূর্ব বাংলার লবন শিল্পের সম্প্রসারণ করা হবে
নিচের কোনটি সঠিক
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাওঃ
'ক' শাসক দল সামরিক শাসন দীর্ঘস্থায়ী করার লক্ষ্যে ভোটের ব্যবস্থা করেন, যেখানে স্থানীয় স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সদস্যদের দ্বারা তিনি নির্বাচিত হন।

৬। অনুচ্ছেদের ভোটের ব্যবস্থাটি কী নামে পরিচিত?
ক) প্রতিনিধিত্ব গণতন্ত্র খ) বিশুদ্ধ গণতন্ত্র
গ) পরোক্ষ গণতন্ত্র ঘ) মৌলিক গণতন্ত্র


৭। উক্ত ভোটে অংশগ্রহণ করেছিল–
i. পূর্ব পাকিস্তানের নির্বাচিত ইউনিয়ন কাউন্সিল সদস্য
ii. পূর্ব পাকিস্তানের পৌরসভার সদস্য
iii. পশ্চিম পাকিস্তানের নির্বাচিত ইউনিয়ন কাউন্সিল সদস্য
নিচের কোনটি সঠিক
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮। যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকারের কথা বলা হয়েছে ছয় দফার কোন দফায়?
ক) ১ খ) ২
গ) ৫ ঘ) ৬

৯। জানুয়ারি মাসে সাধারণত কোন জেলায় তাপমাত্রা বেশি থাকে?
ক) নোয়াখালি খ) বগুড়া
গ) ঢাকা ঘ) দিনাজপুর

১০। ভূমিকম্পের প্রলয়ঙ্করী বলয়ের মধ্যে কোন অঞ্চল অবস্থিত?
ক) বান্দরবান খ) ঢাকা
গ) বগুড়া ঘ) কুমিল্লা

নিচের চিত্রটি দেখে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও ঃ



চিত্র : বাংলাদেশের মানচিত্র

১১। চিত্রের 'ক' অংশের আয়তন কত?
ক) ৪,১০৩ বর্গকিলোমিটার খ) ৫,১০৩ বর্গকিলোমিটার
গ) ৮,৩২০ বর্গকিলোমিটার ঘ) ৯,৩২০ বর্গকিলোমিটার

১২। চিত্রের 'ক' অংশের সাথে 'খ' অংশের আয়তনের পার্থক্য কত?
ক) ৫,২১৭ বর্গকিলোমিটার খ) ৪,২১৭ বর্গকিলোমিটার
গ) ৩,২১৭ বর্গকিলোমিটার ঘ) ১,০০০ বর্গকিলোমিটার

১৩। বাংলাদেশে লাল ও ধূসর বর্ণের মাটি রয়েছে–
i. সুন্দরবনে
ii. মধুপুরে
iii. বরেন্দ্রভূমি এলকায়
নিচের কোনটি সঠিক-
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪। বাংলাদেশের উত্তরের পাহাড়গুলোকে স্থানীয়ভাবে কী বলা হয়?
ক) পাহাড় খ) পর্বত
গ) টিলা ঘ) উপত্যকা

১৫। অক্টোবর-নভেম্বর মাস নিয়ে ভারতে কোন কাল?
ক) শরৎকাল খ) শরৎ ও শীতকাল
গ) শীতকাল ঘ) শরৎ ও হেমন্তকাল

১৬। মেঘালয় বাংলাদেশের কোন দিকে অবস্থিত?
ক) উত্তর খ) দক্ষিণ
গ) পূর্ব ঘ) পশ্চিম

১৭। নাগরিকের প্রধান কর্তব্য কোনটি?
ক) রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা
খ) সংবিধান মেনে চলা
গ) নিয়মিত কর দেওয়া
ঘ) রাষ্ট্রের রাজনৈতিক অধিকার ভোগ করা

১৮। রাষ্ট্রের কল্যাণমূলক কাজের বৈশিষ্ট্য হলো–

i. কর্মসংস্থানের ব্যবস্থা করা

ii. চিকিৎসা সেবা নিশ্চিত করা

iii. বেকার ভাতা প্রদান

নিচের কোনটি সঠিক-

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯। তথ্য প্রদানের সময়সীমা অতিক্রম হবার পর কতদিনের মধ্যে অনুরোধকারী আপীল করতে পারবেন?

ক) ৭ খ) ১৫

গ) ২১ ঘ) ৩০

২০। মোনাকো'র জনসংখ্যা কত?

ক) ২৫ হাজার খ) ২৮ হাজার

গ) ৩২ হাজার ঘ) ৩৮ হাজার

২১। ব্রিটেনের অধিকাংশ আইনের উৎস কোনটি?

ক) প্রথা খ) ধর্ম

গ) বিচার সংক্রান্ত ঘ) আইনসভা

২২। রাষ্ট্রের ধারণা ব্যাখ্যা করলে আমরা কী পাই?

ক) রাষ্ট্রের উপাদান চারটি খ) রাষ্ট্রের উন্নতি

গ) রাষ্ট্রে জনগণের ভূমিকা ঘ) রাষ্ট্রের সরকার ব্যবস্থা

২৩। রাষ্ট্র কোন ধরনের প্রতিষ্ঠান?

ক) অর্থনৈতিক খ) রাজনৈতিক

গ) সামাজিক ঘ) সাংস্কৃতিক

২৪। 'রাষ্ট্র কর্তৃক আরোপিত অধিকার এবং বাধ্যবাধকতাসমূহ আইন।' উক্তিটি কার?

ক) হল্যান্ড খ) টি. এইচ. গ্রীন

গ) উইলসন ঘ) অ্যারিস্টটল

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাওঃ

ঢাকায় মেট্রোরেল চালু হলে ঢাকা শহরের জনগণের যাতায়তের কষ্ট অনেকাংশে কমে যাবে। ফলে তারা সহজেই একজায়গা থেকে অন্য জায়গায় যাতায়ত করতে পারবে। তবে এ সম্পদ রক্ষণাবেক্ষণের দায়িত্ব মূলত জনগণকেই নিতে হবে।

২৫। উক্ত সম্পদটি কোন ধরনের সম্পদ?

ক) ব্যক্তিগত খ) সামাজিক

গ) সমষ্টিগত ঘ) আন্তর্জাতিক

২৬। নিচের কোন সম্পদ উক্ত সম্পদের শ্রেণিভুক্ত–

i. সরকারি হাসপাতাল

ii. বঙ্গোপসাগর

iii. সুন্দরবন

নিচের কোনটি সঠিক-

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭। কোন অর্থব্যবস্থাকে 'সমাজের অর্থনৈতিক সংগঠন' বলা হয়?

ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক

গ) মিশ্র ঘ) ইসলামি

২৮। প্রাচীন বাংলায় কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান ছিল?

ক) সমাজতান্ত্রিক খ) ধনতান্ত্রিক

গ) ব্যক্তিতান্ত্রিক ঘ) সামন্ততান্ত্রিক

২৯। অর্থনীতিতে শ্রম বলতে কোনটিকে বোঝায়?

ক) শারীরিক কর্মক্ষমতাকে

খ) মানসিক কর্মক্ষমতাকে

গ) শারীরিক ও মানসিক কর্মক্ষমতাকে

ঘ) প্রাতিষ্ঠানিক কর্মক্ষমতাকে

৩০। উৎপাদনের ক্ষেত্রে ভূমি ব্যবহারের জন্য ভূমির মালিককে কী দিতে হয়?

ক) খাজনা খ) সুদ

গ) মুনাফা ঘ) মূলধন